

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-১ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭০.২২.০১৭.১৬.৯০

তারিখ: ৫ বৈশাখ ১৪৩০

১৮ এপ্রিল ২০২৩

বিষয়: সরকারি কর্মচারীদের বেতন গ্রেডভিত্তিক পরিচিতি সাথে পূর্বতন শ্রেণিভিত্তিক পরিচিতির সম্পর্ক স্পষ্টীকরণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ৮ অনুযায়ী “আপাতত বলবৎ এতদসংক্রান্ত অন্য কোন বিধি-বিধানে যাহাই থাকুক না কেন, কর্মচারীগণ ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণিতে বিভাজনের বিদ্যমান ব্যবস্থার পরিবর্তে বেতনস্কেলের গ্রেডভিত্তিক পরিচিতি হইবেন।” এ নির্দেশনা অনুযায়ী জাতীয় বেতন স্কেল ২০১৫-এ ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির পরিবর্তে ২০টি গ্রেডের উল্লেখ করা হয়েছে। এই পরিবর্তনের ফলে সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানেও প্রয়োজনীয় সংশোধনী আনয়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ মে ২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৭০.২২.০১৭.১৬.১৩২ নং স্মারকের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)। তবে পূর্ববর্তী বিধি-বিধানের ভিত্তিতে উল্লিখিত ২০টি গ্রেডের মধ্যে পূর্বতন ১ম শ্রেণি হলো গ্রেড-১ থেকে গ্রেড-৯, পূর্বতন ২য় শ্রেণি হলো গ্রেড-১০ থেকে গ্রেড-১৩ [যে সমস্ত পদ ২য় শ্রেণির গেজেটেড পদমর্যাদা সম্পন্ন বলিয়া সরকারি আদেশে (GO) সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক সৃষ্টি করা হয়েছে] এবং পূর্বতন ৩য় শ্রেণি হলো গ্রেড-১৩ [যে সমস্ত পদ গেজেটেড পদমর্যাদা সম্পন্ন বলিয়া সরকারি আদেশে (GO) সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক সৃষ্টি করা হয় নাই] থেকে গ্রেড-১৬ এবং পূর্বতন ৪র্থ শ্রেণি হলো গ্রেড-১৭ থেকে গ্রেড-২০।

১৮-৪-২০২৩

খালেদ মোহাম্মদ জাকী

উপসচিব

ফোন: ৯৫১৫৫৫২

ইমেইল: reg1@mopa.gov.bd

বিতরণ :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) সিনিয়র সচিব/সচিব -----(সকল)
- ৩) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
- ৪) মহা-হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক, , ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।

✓ ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম
এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে
প্রকাশের অনুরোধ করা হলো)।